

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

সহকারী সম্পাদক
বদরুল আলম নাভিল
জব্বার হোসেন
প্রতিবেদক

রুহুল তাপস, সাজেদুর রহমান
হাসান মূর্তাজা, খোন্দকার তাজউদ্দিন
সহযোগী প্রতিবেদক
জাহাঙ্গীর আলম জুয়েল
খোন্দকার তানভীর জামিল

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী

সালাহ উদ্দিন টিটো

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, ফাহিম হুসাইন, মহিউদ্দিন
নিলায়, মা' ফ রনি, হাসান জামান, জুটন চৌধুরী
সাজিয়া আফরিন, মাহমুদ রাজু, টিটো রহমান

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর
বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা
মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুন নেসা পিয়ারী বার্লিন
কাজী ইনসান টোকিও

প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ
প্রধান গ্রাফিক ডিজাইনার
নূরুল কবীর
শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব, সোহেল রানা রিপন
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

কথায় বলে, 'পেটে খেলে পিঠে সয়'। দুর্ভাগ্য এ দেশের জনগণের। তাদের পেটে কিছু না থাকলেও পিঠে অনেক কিছুই সহিতে হচ্ছে। আর জনগণের পিঠে এই বোঝা চাপানোর কাজটি পরম নিষ্ঠার সঙ্গে করে চলেছেন দেশের 'রাজা-মহারাজারা'। অর্থাৎ সরকারসহ রাজনীতিবিদরা।

অবাক ব্যাপার, জনগণও অনেকটা নীরবে গাধার বোঝা বইছে। আকাশছোঁয়া দ্রব্যমূল্য আর জ্বালানি তেলের দর বৃদ্ধির 'বোঝা'র সঙ্গে যোগ হয়েছে মৌলবাদী-জঙ্গী গোষ্ঠীর ভয়াবহ উত্থান আর বোমা সন্ত্রাস। দুর্নীতির দৌরাভ্রাতো রয়েইছে। সে কারণেই রাজা-মহারাজারা দেশের জন্য যেন পাল্লা দিয়ে নতুন নতুন পদক নিয়ে আসছেন। আখেরে মূল্য দিতে হচ্ছে ১৪ কোটি জনতাকে।

জনগণের ঘাড়ে 'বোঝা' চাপিয়ে পিষ্ট করার কাজটি যারা করেছেন তাদের কোনো বিবেক-সহানুভূতি আছে বলে মনে হয় না। জঙ্গী-মৌলবাদের উত্থান ও বিস্তৃতির পরও তারা নিরুদ্ভিগ্ন। সরকার দায়িত্বজ্ঞানহীন বক্তব্য দিয়ে এবং লোক দেখানো তদন্ত করেই খালাস। বিরোধী রাজনৈতিক দল এর থেখে ফায়দা লুটতে চাচ্ছে। মাঝখানে থেকে ভীতির মধ্যে আছে আমজনতা। কেননা, পদকের গুণাগুণে তাদেরই ফিরে আসতে হচ্ছে বিদেশ থেকে। ভিসা প্রত্যাখ্যাত হচ্ছে তাদেরই। রপ্তানি বাজার হাতছাড়া হওয়ার উপক্রম হয়েছে। আন্তর্জাতিক অঙ্গনে বিশ্বাসযোগ্যতা আর গ্রহণযোগ্যতা প্রশ্নবদ্ধ হচ্ছে। বাংলাদেশকে ক্রমশ 'ব্যর্থ রাষ্ট্র' করার সব ব্যবস্থাই পাকা করা হচ্ছে। রাজনীতিবিদদের বাইরে বিকল্পশক্তি কথিত সুশীল সমাজেও পচন লেগেছে।

'রাজা-মহারাজা'দের পদভারে পিষ্ট জনগণ তারপরও বাঁচতে চায়। নিজেদের স্বার্থে হলেও রাজনীতিবিদ ও ক্ষমতাসীনদের উচিত জনগণকে ভারমুক্ত করা। ভারে নৃজ জনগণ যদি হাটু ভেঙে মাটিতে পড়ে যায়, তাহলে উপবিষ্টরাও ভূপতিত হবেন।



৪ el ©19 msL v 16 tm!Pশf 2005

